সোনালী ব্যাংক লিমিটেড

প্রধান কার্যালয়, ঢাকা।

উদ্ভাবনী ব্যাংকিং-এ আপনার বিশ্বস্ত সঙ্গী

ল' কনসালট্যান্ট আবশ্যক

সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়ে চুক্তিভিত্তিক ল'কনসালট্যান্ট নিয়োগের জন্য নিম্নোক্ত যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

১। কাজের ধরণ ও কর্মপরিধি ঃ

০১। তিনি ব্যাংকের ল'কনসালট্যান্ট হিসেবে প্রধান কার্যালয়ের লিগ্যাল ম্যাটার্স ডিভিশনের সাথে সম্পৃক্ত থেকে সার্বক্ষণিক দায়িত্ব পালন করবেন;

০২। তিনি অর্থ ঋণ মামলা, মানি স্যুট, ফৌজদারী মামলা, চাকুরী সংক্রান্ত বিভাগীয় মামলা/ আইনগত মতামত, এনআই এ্যাক্ট ও শ্রম আইন মামলাসহ যাবতীয় মামলা বিষয়ে সার্বিক কার্যাদি পরিচালনা ও তদারকী এবং প্রযোজ্য ক্ষেত্রে আইনগত মতামত প্রদান করবেন;

০৩। কোম্পানী বিষয়ক যে কোন আইনী পরামর্শ প্রদান করবেন;

০৪। জামানত, সহজামানত ও ৩য় পক্ষীয় জামানতের বিষয়ে (মালিকানা ইত্যাদি) আইনগত পরামর্শ প্রদান করবেন;

০৫। ব্যাংকের ল'কনসালট্যান্ট থাকাকালীন তিনি মামলা সংক্রান্ত কোন বিষয়ে ব্যাংকের প্রতিপক্ষ/তৃতীয় পক্ষকে কোনরূপ মতামত/তথ্য প্রদান/সমর্থন করতে পারবেন না; এবং

০৬। পরিচালনা পর্ষদ/ব্যাংক কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে আরোপিত অন্যান্য কার্যাবলী সম্পাদন করবেন।

২। শিক্ষাগত যোগ্যতা ঃ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আইন বিষয়ে ন্যূনতম দ্বিতীয় বিভাগের (সমমানের সিজিপিএ) স্নাতক।

৩। অভিজ্ঞতা ঃ

ক) আইন পেশায় ১০ বছরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে।

খ) বাংলাদেশ বার কাউন্সিলের সদস্য হতে হবে।

গ) ব্যাংকিং ও আর্থিক প্রতিষ্ঠানের বিধি বিধান এবং ব্যাংকিং সংক্রান্ত মামলা পরিচালনার অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে।

ঘ) বার-এট-ল'/আইন বিষয়ে পিএইচডি ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেয়া হবে।

৪। সর্বোচ্চ বয়সসীমা ঃ ৬২ বছর (আবেদনের সর্বশেষ তারিখে)।

৫। পারিশ্রমিক/সম্মানী ঃ আলোচনা সাপেক্ষে পারিশ্রমিক/সম্মানী নির্ধারিত হবে।

৬। চুক্তির মেয়াদকালঃ প্রাথমিকভাবে ২ (দুই) বছর। প্রয়োজনে উভয়পক্ষের আলোচনা ও সম্মতিক্রমে চুক্তির মেয়াদ বাড়ানো যেতে পারে।

নিম্নোক্ত তথ্যাদি সংবলিত জীবন বৃত্তান্ত ইংরেজীতে পূরণ করতে হবে ঃ

Name, Father's Name, Mother's Name, Permanent Address and Present Address (With Contact Number), Email address, Home District, Date of Birth, Age as on 14/03/2017, Nationality, Educational Qualification (Name of Examination, Board/University, Division/ Class/ Grade, Year of Passing), Professional Experience .

সংযোজনযোগ্য বিষয় ঃ

সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ, মেয়র/চেয়ারম্যান/কাউন্সিলর এর নিকট হতে স্থায়ী ঠিকানা সংবলিত নাগরিকত্ব সনদ, চারিত্রিক সনদ, সদ্য তোলা ৪(চার) কপি পাসপোর্ট আকারের সত্যায়িত ছবি এবং অভিজ্ঞতার সনদ এর সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। আবেদনপত্রে প্রার্থীর স্বাক্ষর, নাম ও তারিখ উল্লেখ থাকতে হবে।

অন্যান্য শর্তাবলী ঃ

চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। কেবল শর্ট লিস্টেড প্রার্থীদের সাক্ষাৎকার গ্রহণ করা হবে। সাক্ষাৎকারে অংশগ্রহণকারীদের কোন টিএ/ডিএ প্রদান করা হবে না। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন আবেদনপত্র/আবেদনপত্রসমূহ বাতিল করার কিংবা নিয়োগ কার্যক্রম পরিবর্তন, সংশোধন ও বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

সকল আবেদনপত্র নিম্ন ঠিকানায় প্রেরণ করতে হবে।

আবেদনের শেষ তারিখ ঃ
১৪/০৩/ ২০১৭।

জেনারেল ম্যানেজার
মানব সম্পদ উন্নয়ন বিভাগ
সোনালী ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়, ঢাকা।